

রেজিস্ট্রারের কার্যালয়
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
খুলনা-৯২০৩।

বিজ্ঞপ্তি (স্পেশাল ব্যাকলগ)

২০১৩-২০১৪ ইং শিক্ষা বর্ষের আইইএম বিভাগের ৪র্থ বর্ষ ২য় টার্ম পরীক্ষার ফলাফল প্রকাশের পর যে সকল ছাত্র/ছাত্রীর সর্বোচ্চ ১২ ক্রেডিট ব্যাকলগ আছে তাদের মধ্যে যারা বিশেষ ব্যাকলগ পরীক্ষা-২০১৪ এ অংশগ্রহণ করতে ইচ্ছুক তাদের কোর্স রেজিস্ট্রেশন আগামী ২২/০৬/২০১৫ হতে ২৮/০৭/২০১৫ ইং তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীদেরকে নিম্নবর্ণিত হারে ফি পরিশোধ করার জন্য বলা যাচ্ছে।

কোর্স রেজিস্ট্রেশনের জন্য বিভাগীয় প্রধান/কোর্স-এ্যাডভাইজর এর নিকট হতে রেজিস্ট্রেশনকৃত ক্রেডিট নির্ধারণ পূর্বক বিভাগীয় প্রধানের নিকট হতে রেজিস্ট্রেশন ফরম সংগ্রহ করার পর শিক্ষা শাখা হতে টাকা পরিশোধের ছাড়পত্র গ্রহণ করার জন্য বলা যাচ্ছে।

ফি-এর বিবরণ

১) কোর্স রেজিস্ট্রেশন ফি	৫০০/-
২) পরীক্ষার ফি	৩৫০/-
৩) গ্রেড শীট	২৫/-
সর্বমোট =	৮৭৫/-

টাকা ও রেজিস্ট্রেশন কার্ড জমা দেয়ার তারিখ : ২২/০৬/২০১৫ ইং তারিখ হতে ২৮/০৭/২০১৫ইং তারিখ পর্যন্ত।

নির্ধারিত সময়ের মধ্যে কোর্স রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে ব্যর্থ হলে উক্ত টার্মের জন্য কোর্স রেজিস্ট্রেশন গ্রহণ করা হবে না।

টাকা ও ফরম জমা দেয়ার নিয়ম :

- ০১) কোর্স রেজিস্ট্রেশন কার্ডে প্রভোষ্ট, কোর্স-এ্যাডভাইজর এবং বিভাগীয় প্রধানের স্বাক্ষরের পর শিক্ষা শাখা কর্তৃক যাচাই পূর্বক উক্ত শাখা ফরমের টাকা ব্যাংকে জমা দেয়ার জন্য ছাড়পত্র প্রদান করবে।
- ০২) ব্যাংকে টাকা জমা দেয়ার পর জমা রশিদ ও কোর্স রেজিস্ট্রেশন কার্ড নির্ধারিত তারিখের মধ্যে শিক্ষা শাখায় জমা দিতে হবে।

রেজিস্ট্রার
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং-খুপ্রবি/শিক্ষা/সংস্থাপন/

তাং :

ইং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য দেয়া হল :

- ১) ডীন, যন্ত্রকৌশল অনুষদ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২) পরিচালক, আই আই সিটি/আইডিএম, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩) বিভাগীয় প্রধান, আইইএম বিভাগ, অত্র বিশ্ববিদ্যালয়। সংশ্লিষ্ট সকল ছাত্র/ছাত্রীদের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- ৪) প্রভোষ্ট, সকল হল, অত্র বিশ্ববিদ্যালয়। সংশ্লিষ্ট সকল ছাত্র/ছাত্রীদের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- ৫) কম্পিউটার, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬) পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা শাখা, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭) প্রকৌশলী মিহিরলাল সরকার, প্রোগ্রামার, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয় (উক্ত বিজ্ঞপ্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৮) প্রকৌশলী মোঃ আবু হানিফ শেখ, সহকারী প্রোগ্রামার, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৯) ম্যানেজার, জনতা ব্যাংক খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা, খুলনা। ছাত্র/ছাত্রীদের পরীক্ষার ফি ও অন্যান্য পাওনাদি জমা নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থার জন্য অনুরোধ করা হলো। অত্র বিশ্ববিদ্যালয় এর শিক্ষা শাখার ছাড়পত্র ছাড়া কোন টাকা জমা না নেয়ার জন্য অনুরোধ করা হলো।
- ১০) সকল বিজ্ঞপ্তি ফলক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১১) সংরক্ষণ নথি।

সহকারী রেজিস্ট্রার (শিক্ষা)
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।